

তারিখ 30 MAY 1989
পৃষ্ঠা... কলাম 4

(25)



023

**পরীক্ষা কেন্দ্র
বাতিলের
প্রতিবাদে—**

সিলেট সংবাদদাতার ফোন :
শায়েস্তাগঞ্জ ডিগ্রী কলেজ এইচএসসি
পরীক্ষা কেন্দ্র বাতিলের প্রতিবাদে
গতকাল (সোমবার) বেলা ১১টার
দিকে কলেজের একদল ছাত্র
শায়েস্তাগঞ্জ-নসকরপুর রেলস্টেশনের
মধ্যবর্তী স্থানে বিদ্যুৎ খুঁটি উপড়াইয়া
প্রতিবন্ধকতার সৃষ্টি করে। ফলে
বিকাল ৪টা পর্যন্ত সিলেট হইতে
সকল রেল লাইনে ট্রেন চলাচল
বন্ধ থাকে। প্রতিবন্ধকতা সৃষ্টির
ফলে ঢাকা হইতে সিলেট-
গামী আস্ত:নগর এক্সপ্রেস ট্রেন
'পারাবত' ও সিলেট হইতে ঢাকা-
গামী কুশিয়ারা এক্সপ্রেস ট্রেন ৫
(শেষ পঃ ৩-এর কঃ দ্রঃ)

**পরীক্ষা কেন্দ্র
(১ম পৃঃ পর)**

ঘন্টা আটকা পড়িয়া থাকে পরে
রেলওয়ে ও হবিগঞ্জ জেলা প্রশাসনের
উর্ধ্বতন কর্মকর্তাগণ একস্থলে
যাইয়া ছাত্রদের সহিত আলাপ
করিয়া প্রতিবন্ধকতা উঠাইয়া
ফেলিতে সক্ষম হন।
উল্লেখ্য, ইতিপূর্বে উক্ত কলেজে
সেদারছে নকল হওয়ায় কর্তৃপক্ষ
এই বৎসরের ঐ পরীক্ষা কেন্দ্র
বাতিল করিয়া দেন।